

অভিমান

পা পিছলে পড়ে গেল কাদায়।

হামাগুড়ি দিতে দিতে

উঠে

দাঁড়াল,

আমাদের হাসিতে যোগ দিল,

হাসল,

সংলাপ বলল,

চলে গেল তারপর ।

যতদূর খালি চোখে দেখা যায় ততদূর গিয়ে,

চলে গেল

চোখ থেকে দূরে।